বিএআরআই
# সংবাদ
বর্ষ ৩৫ সংখ্যা ৪, ২০২৩
www.bari.gov.bd
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'র "কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩" এর উদ্বোধন



*ওয়াহিদা আক্তার, মাননীয় কৃষি সচিব, কৃষি মন্ত্রণালয় প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*



*সভাপতির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর 'কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা-২০২৩' এর উদ্বোধন অনুষ্ঠান গত ০৮ ডিসেম্বর, ২০২৩ ইনস্টিটিউটের কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

গত ২০২২-২০২৩ সনে যে সকল গবেষণা কর্মসূচি হাতে নেয়া হয়েছিল সেগুলোর মূল্যায়ন এবং এসব অভিজ্ঞতার আলোকে আগামী ২০২৩-২০২৪ সনে গবেষণা কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্যে এ কর্মশালার আয়োজন করা হয়। বারি'র বিজ্ঞানীরা এ পর্যন্ত বিভিন্ন ফসলের ৬৫২টি উচ্চ ফলনশীল (হাইব্রিডসহ), রোগ প্রতিরোধক্ষম ও বিভিন্ন প্রতিকূল পরিবেশে চাষোপযোগী জাত এবং ৬৪০টি অন্যান্য উৎপাদন প্রযুক্তিসহ এযাবৎ মোট ১,২৯২টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। এ সকল প্রযুক্তি উদ্ভাবনের ফলে দেশে তৈলবীজ, ডালশস্য, আলু, সবজি, মসলা এবং ফলের উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। এসব প্রযুক্তির উপযোগিতা যাচাই বাছাই ও দেশের বর্তমান চাহিদা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবনের কর্মসূচি গ্রহণ করাই এ কর্মশালার মূল উদ্দেশ্য। কর্মশালার কারিগরি অধিবেশনসমূহ ১০-১২ ডিসেম্বর ২০২৩ খ্রি. হতে নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়।

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় সচিব জনাব ওয়াহিদা আক্তার বলেন, কৃষি ক্ষেত্রে বিভিন্ন সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলা করে সকলের জন্য খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনে গবেষকরা তাদের প্রচেষ্টা অব্যাহত রাখবেন এবং এ প্রক্রিয়ার মাধ্যমেই চলমান পঞ্চবার্ষিক পরিকল্পনা, সহস্রাব্দ উন্নয়ন, রূপকল্প ২০২১ ও ২০৪১ *এরপর পৃষ্ঠা ২*

## বারি'র ফুডফ্লুয়েন্সার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড অর্জন


বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) তার অসামান্য কৃষি গবেষণা ও উদ্ভাবনের জন্য পুরস্কৃত হয়েছে। বারি-এর পক্ষে পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ ফুডফ্লুয়েন্সার অফ দ্য ইয়ার পুরস্কার গ্রহণ করেন। প্রতি বছর, USSEC তাদের অঞ্চলের সেরা প্রতিষ্ঠান/প্রার্থীকে স্বীকৃতি দেয় এবং পুরস্কৃত করে যারা তাদের কর্মজীবনকে খাদ্য ও পুষ্টি নিরাপত্তার জন্য উৎসর্গ করেছে। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, শ্রীলঙ্কা এবং মার্কিন যুক্তরাষ্ট্রের সয়া ভ্যালু চেইন আওতাধীন বিশ্বজুড়ে ১৩০ টিরও বেশি শিল্প নেতাদের অংশগ্রহণে অনুষ্ঠিত সম্মেলনে দক্ষিণ এশিয়ার খাদ্য ও পুষ্টি নিরাপত্তার প্রয়োজনীয়তার গুরুত্ব তুলে ধরা হয়। ইউএস সয়াবিন এক্সপোর্ট কাউন্সিল (USSEC) এর সম্মেলন ১২-১৪ ডিসেম্বর, ২০২৩ দুবাই, সংযুক্ত আরব আমিরাত-এ ক্রাশকন (CrushCon) এবং হাঙ্গারকন (HungerCon)-এর আয়োজন করেছে। ক্রাশকন খাদ্য ও পুষ্টি নিরাপত্তার লক্ষ্য পূরণে সম্মিলিতভাবে বাণিজ্যের অপরিহার্য ভূমিকার উপর দৃষ্টি নিবদ্ধ করে। ক্রাশকন এবং হাঙ্গারকনের মতো ইভেন্টগুলি টেকসই অনুশীলনের মাধ্যমে দক্ষিণ এশিয়ায় প্রোটিনের জন্য দ্রুত ক্রমবর্ধমান চাহিদা পূরণের প্রয়োজনীয়তার উপর জোর দেয়। ■



*বারি'র পক্ষে ফুডফ্লুয়েন্সার অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড গ্রহণ করছেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ।*

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## সম্পাদকীয়



কৃষি খাত বাংলাদেশের অন্যতম প্রধান অর্থনৈতিক স্তম্ভ। ১৯৭১ সালে স্বাধীনতার পর জিডিপিতে এর অবদান ছিল প্রায় ৬০ শতাংশ। এটি বাংলাদেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ খাত যা জনগণের জীবিকা, কর্মসংস্থানে সহায়তা করে এবং জিডিপিতে অবদান রাখে, আমরা সবাই জানি। কিন্তু গত এক দশকে জিডিপিতে এর অংশ কমেছে। প্রধানত রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বের দেশগুলি এখন গুরুতর মুদ্রাস্ফীতিমূলক চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে, যা বিশ্ব অর্থনীতিকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করছে। সাপ্লাই চেইন ব্যাঘাতের কারণে বৈশ্বিক পণ্য বাজার যথেষ্ট অস্থিতিশীলতার সম্মুখীন। বাংলাদেশও এসবের দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে এবং পরিস্থিতি সামাল দিতে হিমশিম খাচ্ছে। দেশ ইতিমধ্যে উল্লেখযোগ্য মুদ্রাস্ফীতির চাপের সম্মুখীন হচ্ছিল, এবং অতিরিক্ত মূল্যবৃদ্ধি পরিস্থিতিকে সাধারণ মানুষের জন্য প্রায় অসহনীয় করে তুলেছে। অন্যদিকে, এর বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাচ্ছে। জলবায়ু পরিবর্তন, কোভিড-১৯ এবং সংঘাত (রাশিয়া-ইউক্রেন যুদ্ধ) এর প্রভাব অন্য একটি সংকটের জন্য দিয়েছে যা স্পষ্টতই, খরচ। যাইহোক, এগুলিকে মোকাবেলা করা যেতে পারে কৃষি এবং সহায়তা - যা আমাদের সবাইকে বাঁচাতে পারে। কয়েক বছর ধরে, বাংলাদেশ দারিদ্র্য হ্রাস এবং উন্নয়নের একটি উল্লেখযোগ্য গল্প রচনা করেছে, বিশেষ করে গত এক দশকে। খাদ্যশস্য উৎপাদনে এবং দারিদ্র্য নিরসনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। জনসংখ্যার প্রায় অর্ধেকই এখন কৃষি খাতে কর্মরত। অতএব, আমাদের রাষ্ট্রীয় নীতিগুলি অবশ্যই এই খাতের স্বার্থের সাথে একত্রিত হতে হবে। ■

> “ জলবায়ু পরিবর্তন, কোভিড-১৯ এবং সংঘাত (রাশিয়া-ইউক্রেন যুদ্ধ) এই তিনটি সমস্য, নতুন সমস্যার জন্ম দিয়েছে যা স্পষ্টতই, খরচ। ”

## বারি'র “কেন্দ্রীয় গবেষণা পর্যালোচনা...

*প্রথম পৃষ্ঠার পর*

এবং এসডিজি পরিকল্পনার লক্ষ্যসমূহ অর্জন করে দেশ এগিয়ে যাবে বলে আমি আশা করি । কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি এবং বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার ।

উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম। অনুষ্ঠানে বারি'র গবেষণা কার্যক্রম ও সাফল্যের উপর সংক্ষিপ্ত উপস্থাপনা উপস্থাপন করেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। এসময় উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. নজরুল ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার। উক্ত অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নার্সভুক্ত বিভিন্ন প্রতিষ্ঠান, বিএডিসি ও কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বারি'র বিভিন্ন বিভাগের বিজ্ঞানী/কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। ■

## বারি'র বিজ্ঞানীর বিশ্ব মৃত্তিকা দিবস পুরস্কার অর্জন

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মৃত্তিকা বিজ্ঞান বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. হাবিব মোহাম্মদ নাসের বিশ্ব মৃত্তিকা দিবস পুরস্কার ২০২৩ অর্জন করেছেন। কৃষি মন্ত্রণালয় কর্তৃক ০৫ ডিসেম্বর ২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল মিলনায়তনে অনুষ্ঠিত বিশ্ব মৃত্তিকা দিবস অনুষ্ঠানের মাধ্যমে এই পুরস্কার প্রদান করা হয়। কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, এমপি। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. এমদাদুল হক চৌধুরী, উপাচার্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ।

উল্লেখ্য ড. হাবিব মোহাম্মদ নাসের এর খাদ্য শৃঙ্খলে ভারী ধাতুর উপস্থিতি, মাটি-দূষণের প্রতিকার, বিভিন্ন সার ব্যবস্থাপনার উপর মৃত্তিকা বিজ্ঞান গবেষণায় জাতীয় ও আন্তর্জাতিক খ্যাতিমান জার্নালে তার ৬৪ টিরও বেশি বৈজ্ঞানিক নিবন্ধ প্রকাশ পেয়েছে। ■



*বারি বিজ্ঞানী ড. হাবিব মোহাম্মদ নাসের মাননীয় কৃষি মন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এর নিকট হতে মৃত্তিকা দিবস পুরস্কার গ্রহণ করছেন।*

## নেপাল পার্লামেন্ট প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে নেপাল পার্লামেন্ট প্রতিনিধি দলের সদস্যবৃন্দ এবং ইনস্টিটিউটের অন্যান্য বিজ্ঞানীবৃন্দ।*

নেপাল পার্লামেন্টের একটি প্রতিনিধি দল গত ০৫ অক্টোবর, ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। দলটির নেতৃত্বে ছিলেন নেপাল সংসদ কমিটির কৃষি বিষয়ক চেয়ারপারসন এবং নেপালের সাবেক ফার্স্ট লেডি ড. আরজু রানা ।

নেপাল পার্লামেন্টের প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিমিয় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। এরপর মাল্টিমিডিয়া প্রদর্শনের মাধ্যমে ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য তুলে ধরেন বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন এবং বারি'র বিভিন্ন বিভাগের প্রধান ও সিনিয়র বিজ্ঞানীবৃন্দ। ■

## এফএও প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সাথে এফএও প্রতিনিধি দল।*

ফুড এন্ড এগ্রিকালচার অর্গানাইজেশন (FAO) প্রতিনিধি দল গত ০৮ ডিসেম্বর, ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। ইনস্টিটিউটের কর্যক্রম বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন পোস্ট হারভেষ্ট টেকনোলজি বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. গোলাম ফেরদৌস চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম; এভালুয়েশন কনসালটেন্ট, এফএও, মি. সোনাম তোবগে (Mr Sonam Tobgaz)। অতিথিবৃন্দ ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও বারির সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন। ■

## জিআইএফএস প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বারি এর সাথে জিআইএফএস প্রতিনিধি দল।*

গ্লোবাল ইনস্টিটিউট ফর ফুড সিকিউরিটি (জিআইএফএস), কানাডা প্রতিনিধি দল গত ৩০ অক্টোবর, ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

জিআইএফএস প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিমিয় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিআইএফএস এর বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার ড. এন্ড্রু শার্প; ড. শ্রীকান্ত আতালুরী, জিআইএফএস প্রতিনিধি ড. আশুতষ সরকার, বঙ্গবন্ধু রিসার্চ চেয়ার, বিএআরসি। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ডাল গবেষণা উপ-কেন্দ্র, গাজীপুর) ড. এ কে এম মাহাবুবুল আলম; অতিথিবৃন্দ ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

## বিসেফ ফাউন্ডেশন প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সাথে বিসেফ ফাউন্ডেশন প্রতিনিধি দল।*

বিসেফ ফাউন্ডেশনের প্রতিনিধি দল গত ১৯ অক্টোবর, ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। বিসেফ ফাউন্ডেশনের প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিমিয় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিসেফ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি ড. এম. জয়নুল আবেদিন, কেজিএফ এর পরিচালক ড. মো. আক্কাছ আলী ও বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পোস্ট হারভেষ্ট টেকনোলজি বিভাগ) জনাব মো. হাফিজুল হক খান; মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা বিজ্ঞান বিভাগ) ড. হাবিব মোহাম্মদ নাসের; মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কীটতত্ত্ব বিভাগ) ড. নির্মল কুমার দত্ত, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (ফল বিভাগ) ড. মো. উবায়দুল্লাহ কায়ছার, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সবজি বিভাগ) ড. একেএম কামরুজ্জামান, এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ফুল বিভাগ) ড. ফারজানা নাসরীন খান ■

## বারি ও বারটান এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*বারি এবং বারটান এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর পরবর্তীতে চুক্তিপত্র বিনিময়।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান গত ১০ অক্টোবর ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) এর পক্ষে নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মো. আব্দুল ওয়াদুদ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আশরাফ উদ্দিন আহমেদ ও পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান জনাব মো. হাফিজুল হক খান উপস্থিত ছিলেন। দেশের উন্নয়নে পুষ্টি নিরাপত্তায় বারি এবং বারটান পরস্পর সহযোগিতার মাধ্যমে কাজ করে যাবে। ■

## বারি ও সিনজেনটা এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*সমঝোতা স্মারক স্বাক্ষর পরবর্তীতে স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিপত্র বিনিময়।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং সিনজেনটা বাংলাদেশ লিমিটেড এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান গত ০৭ নভেম্বর ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. তারিকুল ইসলাম এবং সিনজেনটা বাংলাদেশ লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ হেদায়েত উল্লাহ সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. আশরাফ উদ্দিন আহমেদ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কীটতত্ত্ব বিভাগ) ড. নির্মল কুমার দত্ত ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষিতত্ত্ব বিভাগ) ড. মো. আবু হেনা ছারোয়ার জাহান উপস্থিত ছিলেন। ■

## বারি ও আবেদিন ইকুইপমেন্ট লি. এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ড. দেবাশীষ সরকার ও অন্যান্য অতিথিবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং আবেদিন ইকুইপমেন্ট লিমিটেড এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান গত ৩০ নভেম্বর ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ উইং) ড. মো. তারিকুল ইসলাম এবং আবেদিন ইকুইপমেন্ট লিমিটেড এর পক্ষে প্রধান নির্বাহী মো. আমির হোসেন সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারি'র পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, এবং বারি'র বিভিন্ন কেন্দ্রের ও বিভাগের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ■

## বারি ও সিএবিআই এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে অন্যান্য অতিথিবৃন্দ।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এবং সেন্টার ফর এগ্রিকালচার অ্যান্ড বায়োসায়েন্স ইন্টারন্যাশনাল (সিএবিআই) এর মধ্যে এক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান ০৯ অক্টোবর ২০২৩ বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর পক্ষে মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং সেন্টার ফর এগ্রিকালচার অ্যান্ড বায়োসায়েন্স ইন্টারন্যাশনাল (সিএবিআই) এর পক্ষে পরিচালক (ভারপ্রাপ্ত)-দক্ষিণ এশিয়া ড. বিনোদ পন্ডিত সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক অনুষ্ঠানে বারি'র প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আশরাফ উদ্দিন আহমেদ এবং কীটতত্ত্ব বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. নির্মল কুমার দত্ত এবং সিএবিআই'র আঞ্চলিক কো-অর্ডিনেটর ড. মালভিকা চৌধুরী উপস্থিত ছিলেন। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে উদ্যানতাত্ত্বিক ফসলের গবেষণা-সম্প্রসারণ-কৃষক সন্নিবদ্ধ কর্মশালা অনুষ্ঠিত




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের আয়োজনে গত ১০ অক্টোবর ২০২৩ "উদ্যানতাত্ত্বিক ফসলের গবেষণা-সম্প্রসারণ-কৃষক সন্নিবদ্ধ কর্মশালা" বারি'র উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্রের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। বারি'র সাবেক পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. গোবিন্দ চন্দ্র বিশ্বাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। এছাড়াও বিভিন্ন কেন্দ্র, বিভাগ, শাখার সিনিয়র সায়েন্টিস্ট, সম্প্রসারণ কর্মকর্তা এবং এনজিও প্রতিনিধিসহ কৃষকবৃন্দ অংশগ্রহণ করেন। ■

## লেখনির মাধ্যমে প্রতিশ্রুতিশীল জাত ও প্রযুক্তি বিস্তার




*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথির বক্তব্য রাখছেন।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), গাজীপুর এর উদ্যোগে বিএআরআই উদ্ভাবিত প্রতিশ্রুতিশীল জাত ও প্রযুক্তি বিস্তার সম্পর্কিত কর্মশালা গত ০২ অক্টোবর ২০২৩ সিরডাপ মিলনায়তন, ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। বারি বিজ্ঞানীরা এযাবৎ ফসলের ৬৫২ টি উন্নত জাত ও ৬৪০ টি প্রযুক্তি উদ্ভাবন করেছে। জাতগুলোর মধ্যে আছে উচ্চ ফলনশীল, পরিবর্তনশীল আবহাওয়া উপযোগী, রোগ প্রতিরোধী এবং উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ উন্নত জাত যার অনেকগুলো কৃষক পর্যায়ে ব্যাপকভাবে সমাদৃত। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। উক্ত কর্মশালায় কৃষি বিষয়ক সাংবাদিকতার সাথে সম্পৃক্ত ৫০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন। ■

## বারি'তে মসলা জাতীয় ফসলের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বিএআরসি নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর মসলা গবেষণা কেন্দ্রের আয়োজনে গত ২৫ নভেম্বর ২০২৩ "বাংলাদেশে মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ" প্রকল্পের সমাপনী কর্মশালা বারি'র কাজী বদরুদ্দোজা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার । বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে উক্ত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (গবেষণা অনুবিভাগ) রেহেনা ইয়াছমিন; পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ; পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম; পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. শৈলেন্দ্র নাথ মজুমদার। ■

## বারি'তে তৈল বীজ ফসলের প্রশিক্ষণ অনুষ্ঠিত



*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর তৈলবীজ গবেষণা কেন্দ্র, গাজীপুর এর আয়োজনে গত ০৯ অক্টোবর ২০২৩ খ্রি. তৈলবীজ ফসলের প্রশিক্ষণের উদ্বোধন ইনস্টিটিউটের তৈলবীজ গবেষণা কেন্দ্রের সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। (৯-১১ অক্টোবর) তিন দিনব্যাপী উক্ত প্রশিক্ষণে ২০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন। বারি'র পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী এবং পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তৈলবীজ গবেষণা কেন্দ্রের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও কোর্স কো-অর্ডিনেটর ড. ফেরদৌসী বেগম। ■

কৃষি গবেষণা
বিএআরআই
সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

## বারি'তে কনজারভেশন এগ্রিকালচার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত




*সভাপতির বক্তব্য রাখছেন পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর ফার্ম মেশিনারী এন্ড পোস্টহারভেস্ট প্রসেস ইঞ্জিনিয়ারিং বিভাগে গত ২২ অক্টোবর ২০২৩ এফএমপিই সেমিনার কক্ষে কনজারভেশন এগ্রিকালচার বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

এএসএমআইএইচ-বিডি (বারি পার্ট) শীর্ষক প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি, ব্রি, বিডব্লিউএমআরআই, বিএআরসি এর সিনিয়র বিজ্ঞানীবৃন্দ এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ অংশগ্রহণ করেন। পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। উক্ত কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রাক্তন মহাপরিচালক (বারি) এবং সাবেক নির্বাহী চেয়ারম্যান (বিএআরসি) এম হারুন-উর-রশীদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র এফএমপিই বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. নুরুল আমিন। ■

## বারিতে জাতীয় শুদ্ধাচার কৌশল শীর্ষক প্রশিক্ষণ




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বারি।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর প্রশিক্ষণ ও যোগাযোগ উইংয়ের উদ্যোগে গত ১৭ ডিসেম্বর ২০২৩ ইনস্টিটিউট এর কাজী বদরুদ্দোজা মিলনায়তনে কর্মচারীদের জাতীয় শুদ্ধাচার কৌশল এর উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । উক্ত প্রশিক্ষণে বারি'র ১২০ জন কর্মচারী অংশগ্রহণ করেন। সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণের উদ্বোধন করেন। বারি'র পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম এবং পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী। উক্ত প্রশিক্ষণে কো-অর্ডিনেট এর দায়িত্ব পালন করেন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. আবদুর রাজ্জাক। ■

## বারিতে জিনোম এডিটিং বিষয়ক মতবিনিময় সভা




*জিনোম এডিটিং সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর জীব প্রযুক্তি বিভাগের আয়োজনে জিনোম এডিটিং বিষয়ক মতবিনিময় সভা গত ১৯ অক্টোবর ২০২৩ জীব প্রযুক্তি বিভাগের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মতবিনিময় সভা উদ্বোধন করেন। বারি'র জীব প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মাহমুদা খাতুন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই মত বিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, কেজিএফ এর পরিচালক ড. মো. আক্কাছ আলী এবং বিএসআরআই এর সাবেক মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন। এ সময় প্রধান অতিথি অত্র বিভাগের বিজ্ঞানীদের গবেষণা কার্যক্রম সামনে এগিয়ে নেয়ার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। ■

## চায়না প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সাথে চায়না প্রতিনিধি দল এবং অন্যান্য বিজ্ঞানীবৃন্দ।*

আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স, চায়না প্রতিনিধি দল গত ১৪ নভেম্বর ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। চায়না'র আনহুই একাডেমি অফ এগ্রিকালচারাল সায়েন্স প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। এরপর বারি'র মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্ব স্ব বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন সবজি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. একেএম কামরুজ্জামান এবং ফল বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা উবায়দুল্লাহ কায়ছার। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. নজরুল ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ। অতিথিবৃন্দ ইনস্টিটিউটের বর্তমান কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। ■

বিএআরআই সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# বারি'তে পার্টনার প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর অধীনে বাস্তবায়নাধীন "প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-বারি অংগ)" প্রকল্পে অন্তর্ভুক্ত গবেষণা কার্যক্রমসহ অন্যান্য কর্মকাণ্ড সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি অবহিতকরণ সভা গত ০১ অক্টোবর ২০২৩ বারি'র মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বারি'র বিভিন্ন বিভাগ ও কেন্দ্রের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।



*পার্টনার প্রকল্পের অবহিতকরণ সভায় সভাপতিত্ব করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।*

বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ) জনাব মো. মাহবুবুল হক পাটওয়ারী। এসময় পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. সোহেলা আক্তার, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, বারি'র বিভিন্ন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও সিনিয়র বিজ্ঞানীবৃন্দ উপস্থিত ছিলেন। পার্টনার প্রকল্প (বারি অংগ) এর সার্বিক কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন প্রকল্প পরিচালক ড. জগদীশ চন্দ্র বর্মন। বিশ্ব ব্যাংক এর অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ■

# চায়না প্রতিনিধি দলের বারি পরিদর্শন



*বারি মহাপরিকালক ড. দেবাশীষ সরকার এর সাথে চায়না প্রতিনিধি দল এবং অন্যান্য বিজ্ঞানীবৃন্দ।*

ইউনান একাডেমি অফ এগ্রিকালচারাল সাইন্স (YAAS), চায়না প্রতিনিধি দল গত ০৫ নভেম্বর, ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন।

YAAS প্রতিনিধি দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি'র মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্ব স্ব প্রতিষ্ঠানের কার্যপরিধি উপস্থাপন করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার এবং YAAS একাডেমির সহকারী অধ্যাপক ড. ইয়াং লিউ (Dr. Ying Liu) । উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (গবেষণা) ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) ড. মো. নজরুল ইসলাম, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. মুন্সী রাশীদ আহমদ, YAAS একাডেমির ভাইস প্রেসিডেন্ট/প্রফেসর ড. জিওলিন লি (Dr. Xiaolin Li), প্রফেসর ইন্টারন্যাশনাল কোঅপারেশন ডিভিশন (YAAS) ড. ইয়ানজি লো (Dr. Yanjie Luo) ■

# ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের বারি পরিদর্শন



*ড. দেবাশীষ সরকার মহাপরিচালক, বারি এর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি দল।*

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট এর ছাত্র-ছাত্রী ও শিক্ষকসহ মোট ৫৩ (তিপান্ন) জন শিক্ষার্থীর একটি দল গত ০৭ নভেম্বর ২০২৩ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) পরিদর্শন করেন। শিক্ষার্থীর দলটি বারি সদর দপ্তরের সামনে এসে পৌঁছালে তাদের স্বাগত জানান ইনস্টিটিউটের বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ। পরে বারি মহাপরিচালকের সভাকক্ষে অনুষ্ঠিত সংক্ষিপ্ত মত বিনিময় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট এর প্রফেসর ড. এ এইচ এম মাহবুব লতিফ এবং প্রফেসর এম শফিকুর রহমান। এরপর শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ বারি সেমিনার রুমে অনুষ্ঠিত তথ্য অধিকার আইন ও এর বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ এর আওতায় প্রচার কার্যক্রম অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে এএসআইসিটি বিভাগের এর কার্যক্রম ও সাফল্য সম্পর্কে ব্রিফিং প্রদান করেন কৃষি পরিসংখ্যান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আব্দুল মোনায়েম মিয়া। দলটিকে কো-অর্ডিনেট করেন প্রশিক্ষণ ও যোগাযোগ উইং এর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মিজানুর রহমান। ■

বিএআরআই
সংবাদ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের ত্রৈমাসিক মুখপত্র

# বারি'তে মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপিত



বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করছেন।




ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বারি এর নেতৃত্বে বিজয় র‍্যালি।

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্য দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ গত ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৩ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ নানা কর্মসূচির আয়োজন করা হয়।

দিবসটি পালন উপলক্ষে আয়োজিত কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও গার্ড অব অনার প্রদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, বিজয় র‍্যালি, আলোচনা সভা ও বারি'র অবসরপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান, চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা, মুক্তিযুদ্ধ ভিত্তিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী, ইনস্টিটিউটের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিক, বিএআরআই উচ্চ বিদ্যালয় এবং আনন্দ শিশুকাননের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে বিভিন্ন খেলাধুলা, বিশেষ মোনাজাত ও প্রার্থনা এবং আলোকসজ্জা।

সকালে বারি'র প্রধান কার্যালয়ের সামনে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার। ■

# বারি'তে তরমুজের ঢলেপড়া ও কাণ্ড ঝলসে যাওয়া রোগের সমন্বিত ব্যবস্থাপনা শীর্ষক কর্মশালা



প্রধান অতিথির বক্তব্য রাখছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এর উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগের আয়োজনে গত ০৭ ডিসেম্বর ২০২৩ 'তরমুজের ঢলেপড়া ও কাণ্ড ঝলসে যাওয়া রোগের সমীক্ষা ও সমন্বিত ব্যবস্থাপনা বিষয়ক কর্মশালা' বারি'র সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কৃষি গবেষণা ফাউন্ডেশন (কেজিএফ) এর অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিভিন্ন কেন্দ্র, বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিভাগীয় প্রধান, সিনিয়র বিজ্ঞানী ও কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালায় প্রকল্প প্রতিবেদন উপস্থাপন করেন সাবেক-পিআই এবং প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (শস্য), বিএআরসি, ড. মো. মাহফুজ আলম। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক (সেবা ও সরবরাহ) ড. ফেরদৌসী ইসলাম, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. দিলোয়ার আহমদ চৌধুরী, পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. তারিকুল ইসলাম। কর্মশালায় গেস্ট অফ অনার হিসেবে উপস্থিত ছিলেন নির্বাহী পরিচালক, কেজিএফ, ড. নাথু রাম সরকার। ■

# বারি'তে শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপিত



শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করছেন বারি মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

যথাযোগ্য মর্যাদা ও নানা আয়োজনের মধ্যে দিয়ে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) এ গত ১৮ অক্টোবর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল এর ৬০ তম জন্মবার্ষিকী এবং শেখ রাসেল দিবস ২০২৩ উদ্‌যাপিত হয়েছে। সকালে বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার অন্যান্য পরিচালকবৃন্দকে সাথে নিয়ে জাতীয় পতাকা উত্তোলন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচির সূচনা করেন। ■

প্রধান পৃষ্ঠপোষক : ড. দেবাশীষ সরকার
মুখ্য সম্পাদক : ড. মো. তারিকুল ইসলাম
সম্পাদক : মো. হাসান হাফিজুর রহমান
আলোকচিত্র শিল্পী : পংকজ সিকদার

প্রকাশনায় : বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর-১৭০১
ফোন- +৮৮-০২-৪৯২৭০০৩৮

ডিজাইন ও মুদ্রণে : জননী প্রিন্টার্স
১০৫ আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০

প্রকাশ: জানুয়ারি ২০২৪